

উপকূলীয় সমন্বিত প্রযুক্তি সম্প্রসারণ কর্মসূচি (সাইটেপ) ২০০৩ সাল থেকে ক্ষুদ্রঋণ কার্যক্রমের সাথে উপকারভোগীদের Poultry & Live-stock খাতে কারিগরি সহায়তা প্রদান করে আসছে। ক্ষুদ্র ঋণ গ্রহীতার সাধারণত কৃষি কাজ ও গবাদি পশু-পাখি পালনের সাথে সম্পৃক্ত। উপকারভোগীরা ঋণের বড় একটি অংশ (৭০%) বিনিয়োগ করেন কৃষি ও গবাদি পশু-পাখি পালন খাতে। ফসলের উৎপাদন বৃদ্ধি এবং গবাদি পশু-পাখি রক্ষা এবং জাত উন্নয়নের জন্য কোস্ট ফাউন্ডেশন মাঠ পর্যায়ে উপকারভোগীদের গবাদি পশু-পাখি বিষয়ক প্রশিক্ষণ প্রদান, উপকরণ সহায়তা, টিকা কার্যক্রম, কৃমিনাশক সেবন ও চিকিৎসা সেবা প্রদান করে আসছে।

## এমপিবিএল ফিল্ড রিজি গম্বি ক এমবিআইএমজি

প্রতিভা দিয়েই সব হয় না প্রয়োজন ইচ্ছাশক্তি, একাগ্রতা ও কঠোর পরিশ্রমের। আনজু দম্পতি পরিশ্রম করেছেন দিন-রাত্রী। দুই মেয়ে তাদের লেখা-পড়া আর বিয়ে ভাবিয়ে তুলছিলেন।

২০১৩ সালে কুড়ি শতাংশ জমি লিজ নিয়ে সজিচাষ শুরু করেন আনজু দম্পতি। ইচ্ছে, পরিকল্পনা, দক্ষতা ও শ্রমকে কাজে লাগিয়ে ২০২১ সালে ৫ লক্ষ টাকায় কিনেছেন ৭ শতাংশ জমি, ১৬ লক্ষ টাকা ব্যয়ে নিজ বসতে বানিয়েছেন দুইতলা ফাউন্ডেশনের ঘর। মেয়েদেরকে করেছেন শিক্ষিত। মাসে আয় করছেন ৪০-৪৫ হাজার টাকা। ডেইরী খামার করার পরিকল্পনা।

নিজের বসত ব্যতীত চাষাবাদের কোন জমি নেই। পরের জমি বর্গা নিয়ে শুরু করেন চাষাবাদ। পুঁজি সহায়তা দেন কোস্ট ফাউন্ডেশনের ভোলা শাখা। শুরুটা বেশী নয় ২০১৩ সাল। ভোলা সদরের চদুরচরের



AvbRy' =uñÉ' f'ijvi P' y'Pi Mñgi ubR RigtZ miá tL'Zi hZab't'Ob/

আলাউদ্দিনকে কাজে সহযোগীতা করেন স্ত্রী আনজু। মেয়েরা লেখা পড়ার ফাকে কৃষি কাজে সহযোগীতা করেন। সজি চাষই মূল পেশা। শীত, গ্রীষ্ম, বর্ষা, হেমন্ত, বসন্ত কিংবা শরৎ কোন ঋতুতেই থামেনা। সকল মৌসুমেই সজি করতেন, সাথে হাঁস-মুরগী, গরু ও ছাগল এক কথায় আদর্শ কৃষক। সফলতাও পেয়েছেন। মেয়েদেরকে শিক্ষিত করেছেন বড় মেয়ে হাসপাতালে চাকুরী করছেন, ছোট মেয়ে এখনও পড়ছেন। জমি কিনেছেন, পাকা বাড়ী করেছেন। বাড়ী ভাড়া বাবদ পাচ্ছেন মাসে ৮ হাজার টাকা।



Qne'i eig w' #K AvbRy' =uñÉ' c'je'EmZ Ni Ges Wb w' #K bZb' `ij'vb Ni /

এত কিছুতে সমস্যায় যে পড়তে হয়নি তা নয়, ফসলের রোগ বালাই, নিম্ন বাজার মূল্য সে সবই ছিল। সহযোগীতা নিয়েছেন কোস্ট ফাউন্ডেশনের, অনেকটা সমাধানও হয়েছে। এতকিছু করতে প্রয়োজন হয়েছে পুঁজির। যোগান দিয়েছে কোস্ট, সর্বশেষ ৩ লক্ষ ৫০ হাজার টাকার ঋণ নিয়েছেন। সজি বিক্রি করেই সপ্তাহে কিস্তি পরিশোধ করছেন। সজি বিক্রি, বাড়ী ভাড়া, হাঁস-মুরগী, গরু-ছাগল সব মিলিয়ে মাসে আয় ৪০-৪৫ হাজার টাকা। আশা রেখেছেন ডেইরী খামার করার।

## Kul.l cñy' m'pú' KgñP'tZ Rbej ewo'f'bv cñy'Rb e'fj g'tb K'ti b DcKvi f'f'w'xi v'j

কৃষি ও প্রানি সম্পদের সেবা তরায়িত করার লক্ষ্যে আরও লোকবলের প্রয়োজন বলে জানালেন কর্মসূচি মূল্যায়নকালে উপকারভোগীরা। উল্লেখ্য সাইটেপ কর্মসূচিতে তিন জন সহকর্মী কাজ করছে। মতামত গ্রহণকালে তারা বলেন, আমরা ঋণ নিয়ে কৃষি ও প্রানি সম্পদ খাতে বিনিয়োগ করি।



f'ijyv m' 'ii t'ZZñ qv m'gnZ'tZ KgñP' m=útKñ' m' t' i gZvgZ MñY

রোগ-বালাইর আক্রমণে ফসল নষ্ট হয় ক্ষতির মুখে পড়ে প্রকল্পগুলো। ঋণের কিস্তি পরিশোধে হিমশিম খেতে হয়, গ্রামে কৃষি খাতে বিনিয়োগ বেশী তাই এই খাতে সেবা বৃদ্ধির পরামর্শ দেন। সংস্থার ছয়টি অঞ্চলে ১৮টি শাখা অফিসের ৯০ জন উপকারভোগীর নিকট প্রকল্পের সেবা সম্পর্কে তাদের পরামর্শকালে এ কথা জানান। পূর্বের ন্যায় প্রানি সম্পদের টিকা কার্যক্রম ও অন্যান্য কারিগরি সেবা বৃদ্ধি করার পরামর্শ দেন।

## m'pú' Kix

সমন্বিত কৃষি বার্তা প্রকাশে যারা লেখা পাঠিয়ে এবং অন্যান্যভাবে সহযোগীতা করেছেন কর্মসূচির পক্ষ থেকে সবাইকে আন্তরিক ধন্যবাদ।  
যোগাযোগ: +8801713-367416 BñgBj :  
mizan@coastbd.net